ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬২৪

আগরতলা, ৬ নভেম্বর, ২০২৫

**গোমতী জেলা হাসপাতালে ২৭জন চোখের ছানি অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন**

গোমতী জেলা হাসপাতাল আজ সফলভাবে একটি চক্ষু অস্ত্রোপচার শিবির অনুষ্ঠিত হয়। এতে ২৭ জন রোগীর চোখের ছানি অস্ত্রোপচার করা হয়েছে। এই শিবিরে দূর-দূরান্তের গ্রামীণ এলাকা মানুষজন বিনামূল্যে চোখের ছানি অপসারণ সংক্রান্ত চিকিৎসা গ্রহণ করেন। এই শিবিরে জেলা অন্ধত্ব নিয়ন্ত্রণ কর্মসূচির )এনপিসিবি( জেলা প্রোগ্রাম অফিসার এবং চক্ষু বিশেষজ্ঞ চিকিৎসক ডাঃ স্যামুয়েল দেববর্মা জানান, এই শিবিরে করবুক, শিলাছড়ি, অমরপুর সহ বিভিন্ন গ্রামীণ অঞ্চল থেকে অনেক রোগী এসে চোখের ছানি অস্ত্রোপচার করান। ধলাই জেলার রইস্যাবাড়ি থেকেও দুইজন রোগী এই শিবিরে অংশগ্রহণ করেন। ডাঃ দেববর্মা আরও জানান, গোমতী জেলা হাসপাতালে নিয়মিতভাবে চোখের ছানি অস্ত্রোপচার করা হয় এবং আজকের শিবিরে সম্পন্ন হওয়া সব অস্ত্রোপচারই সম্পূর্ণ বিনামূল্যে করা হয়েছে। বর্তমান সময়ে, সমস্ত রোগী সুস্থ এবং তাঁদের চিকিৎসা সফল হয়েছে। এই শিবিরে চিকিৎসক দলের মধ্যে উপস্থিত ছিলেন চক্ষু বিশেষজ্ঞ ডাঃ মনোমিতা দাস, ডাঃ ছন্দম আচার্য, অপটোমেট্রিস্ট ভবতোষ শীল এবং নার্সিং অফিসার রীনা রাণী দাস। গোমতী জেলা হাসপাতাল গ্রামীণ এলাকার মানুষের চিকিৎসার মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে এবং এ ধরনের শিবিরগুলি এলাকার জনগণের স্বাস্থ্য সুরক্ষায় একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****